

বারটান-এর প্রশিক্ষক-প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তারা  
দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, সময় এসেছে এবার পুষ্টি নিয়ে ভাবনার

প্রিন্স বিশ্বাস

দেশ আজ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ। কিছু কিছু পণ্য আজ দেশের বাইরেও রপ্তানী করা হচ্ছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জিত হলেও সে সাথে পাল্লা দিয়ে বাড়ে নি দেশের পুষ্টিস্তর। দক্ষ ও বুদ্ধিভিত্তিক জাতি গঠনে আমাদের দৈনন্দিন খাদ্য তালিকায় পুষ্টিমান উন্নয়ন অত্যাবশ্যকীয়। আজ (বুধবার) রাজধানীর মানিক মিয়া এভিনিউ এর সেচ ভবনে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর প্রধান কার্যালয়ে খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ক ৫ দিনব্যাপী প্রশিক্ষক-প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন।

সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প (বারটান অংগ) এর আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ৯ম/তদূর্ধ্ব গ্রেডের ৩০ জন কর্মকর্তা অংশ নেন।

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি) ও বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর নির্বাহী পরিচালক মোহাম্মদ নজমুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. মনজুরুল আলম, বিশেষ অতিথি হিসেবে বারটান-এর প্রকল্প পরিচালক ও যুগ্মসচিব এস এম শিবলী নজির ও বারটান-এর পরিচালক ও যুগ্মসচিব কাজী আবুল কালাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বারটান-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) ও প্রকল্প ব্যবস্থাপক জ্যোতি লাল বড়ুয়া, বারটানের বিজ্ঞানী ও বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বারটান-এর বৈজ্ঞানিক কর্মকর্তা প্রিন্স বিশ্বাস।

প্রিন্স বিশ্বাস  
বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান  
০১৭২৮ ৩৩৫৯৩৩